# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 03 July, 2025

জুলাই গণঅভ্যুত্থানের ঐতিহাসিক স্মৃতি সংরক্ষণ ও নবপ্রজন্মের মাঝে তা ছড়িয়ে দিতে ‘জুলাই স্মৃতি প্রতিযোগিতা ২০২৫’ আয়োজন করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্রশিবির।

বুধবার (২ জুলাই) শিবিরের বিশ্ববিদ্যালয় শাখার অফিসিয়াল ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ প্রতিযোগিতার ঘোষণা দেয়া হয়।

প্রতিযোগিতাটি দুইটি ক্যাটাগরিতে অনুষ্ঠিত হবে।ক্যাটাগরি-১ থেকে সেরা তিনজন এবং ক্যাটাগরি-২ থেকে সেরা পাঁচজন বিজয়ীকে পুরস্কার প্রদান করা হবে।এছাড়াও, অংশগ্রহণকারী সকলের জন্য বিশেষ শুভেচ্ছা উপহার রাখা হয়েছে।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রশিবিরের সেক্রেটারি মেহেদী নাঈম বলেন, “৫ আগস্ট ২০২৪ ছিল বাংলাদেশের ইতিহাসে এক অবিস্মরণীয় দিন, যখন গণআন্দোলনের মুখে ফ্যাসিবাদী শাসকের পতনে জয় পায় জনতা। সেই স্মৃতিকে নতুন প্রজন্মের মাঝে জাগ্রত করতেই আমাদের এই আয়োজন। এটি শুধুমাত্র একটি প্রতিযোগিতা নয়, এটি আমাদের মুক্তি আন্দোলনের গৌরবময় ইতিহাসের পাঠ। ইতিহাসের আলোয় ভবিষ্যতের নেতৃত্ব গড়ে উঠুক—এই প্রত্যাশায় আমরা ভবিষ্যতে আরও উদ্যোগ নেবো ইনশাআল্লাহ।”

আগ্রহী শিক্ষার্থীরা আগামী ২২ জুলাইয়ের মধ্যে নির্ধারিত বিষয় অনুযায়ী রচনা ও আলোকচিত্র জমা দিতে পারবেন।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ইসলামী ছাত্রশিবির জুলাই গণঅভ্যুত্থান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 23:29

URL: https://timestodaybd.com/public/campus/4110775807